

## রেইনবো ব্রিজে কার বিস্ফোরণের ভিডিও প্রকাশ

মালম বাবু : রেইনবো ব্রিজে ২২ একটি কার বিস্ফোরিত হওয়ার আগের ভিডিও প্রকাশ করেছেন মার্কিন সীমান্ত রক্ষা। ভিডিওতে দ্রুত গতির একটি কার আসে একটি বুথের মধ্যে বিস্ফোরিত হওয়া যায়। এ ঘটনার কয়েক ঘণ্টা পর

যুক্তরাষ্ট্রের কাস্টমস অ্যান্ড বর্ডার প্রটেকশন (সিবিপি) ভিডিওটি তাদের সামাজিক যোগাযোগ অ্যাকাউন্টে পোস্ট করে। ওই ঘটনায় গাড়িতে থাকা দুই ব্যক্তি নিহত হন এবং একজন সীমান্ত কর্মকর্তা সামান্য আহত হন। ফুটেজে সীমান্ত বুথগুলোর কয়েক মিটার দূরে

সাদা রঙের একটি কার দ্রুতগতিতে আসতে দেখা যায়। কারটি এরপর একটি মিডিয়ানে আঘাত করে এবং বাতাসে ভাসতে থাকে। বিস্ফোরিত হওয়ার আগে কারটি বাতাসে মোচড় খায়। এরপর কার এবং বুথ বিস্ফোরিত হয় এবং আগুন ধরে যায়। নিউ ইয়র্কের গভর্নর

ক্যাথি হচুল ২২ নভেম্বর বিকালে এক সংবাদ সম্মেলনে ভিডিওটিকে পরাবাস্তব বলে মন্তব্য করেন। তিনি বলেন, আপনি এটি দেখলে মনে হবে এটা কি কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি। কারণ, কারটি এতটাই বাতাসে ভেসেছিল যে, এটাকে পরাবাস্তব বলেই মনে হবে। এরপর

এটি বিস্ফোরিত হয় এবং আগুন ধরে যায়। ভিডিওটি দেখে আপনার বিশ্বাস হবে না যে কারটি এতটা উপরে ওঠে কীভাবে। অতি কৃত্রিম বেশি উভূতে। এটা অস্বাভাবিক। ঘটনার পর আরেকটি ভিডিও প্রকাশ করা হয়েছে। তাতে

## হেরিট্যাজ বিয়ন্ড বর্ডারস এর এ্যানুয়াল এ্যাওয়ার্ড নাইট

বাংলামেইল রিপোর্ট : গত ১৮ নভেম্বর টরন্টোর একটি অভিজাত ব্যান্ডোয়েট হলে ননপ্রফিট অর্গানাইজেশন হেরিট্যাজ বিয়ন্ড বর্ডারস ১৬তম বার্ষিক এ্যাওয়ার্ড নাইটের আয়োজন করে। বিভিন্ন কমিউনিটির বিপুল সংখ্যক অতিথি এই আয়োজনে অংশ নেন। বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্যে বিশিষ্ট জনদের এ্যাওয়ার্ড প্রদান করা হয়। হেরিট্যাজ বিয়ন্ড বর্ডারস এর ফাউন্ডার এবং প্রেসিডেন্ট নীল নন্দা ও সিইও রাঘনা সেন আমন্ত্রিত অতিথিদের স্বাগত জানান। ডা. টনি রুপ্রোচের সঞ্চালনায় এই

বছর মিস হেরিট্যাজ বিয়ন্ড বর্ডারস নির্বাচিত হন সামান্ধা ক্রোমেন্ট। ফার্স্ট রানার্সআপ হন রাশিদা খানজি। সেকেন্ড রানার্সআপ হন মিশেল চ্যাটেল। অডিয়েন্স এ্যাওয়ার্ড লাভ করেন এ্যাড্রেয়া পাচিও। জমজমাট সাংস্কৃতিক পরিবেশনা ও নৈশভোজের মাধ্যমে এই আয়োজনের সমাপ্তি ঘটে। ফাউন্ডার এবং প্রেসিডেন্ট নীল নন্দা বলেন, গত ১৬ বছর ধরে এই আয়োজনটি আমরা করছি। ভবিষ্যতে আরো বড় আকারে করার পরিকল্পনা রয়েছে।



## ব্যাংকগুলোর আয় কমেছে

নিমিত্ত মিত্র : অর্ধনৈতিক শ্রুততার চিহ্ন

আর্থিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। সেখানে


## পিটার নিগার্ডকে দেওয়া সম্মাননা প্রত্যাহা

অনিমেষ কর : পিটার নিগার্ডকে দেওয়া সর্বোচ্চ সম্মাননা 'কি টু দ্য সিটি' প্রত্যাহার

হয়েছে। ২৩ নভেম্বর অনুষ্ঠিত কাউন্সিল সভায় নব্বাট-সেইন বিভাবের আউসিলট

বিষয়ে সাম্প্রতিক রিপোর্ট পর এই সম্মাননা





## এই মৌসুমে নিরাপদ থাকা

কানাডায় সর্দি, ফ্লু এবং শ্বাসতন্ত্রের ভাইরাসের মৌসুম সাধারণত শরৎকাল থেকে শীতকাল পর্যন্ত চলে। ফ্লু, সর্দি বা কোভিডের কারণে ক্রান্তির মত হালকা লক্ষণ দেখা দিতে পারে। তবে কিছু ক্ষেত্রে এটি গুরুতর জটিলতা বা মৃত্যুর দিকে নিয়ে যেতে পারে। যারা টিকা দিতে পারেন, তাদের মধ্যে কিছু লোক ফ্লু বা কোভিডের কারণে জটিলতা বা হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকিতে থাকেন। এই ব্যক্তিদের মধ্যে রয়েছে ৬৫+ বছর বয়সী ব্যক্তি, পরিচর্যা সুবিধায় বসবাসকারী, অল্প বয়সী শিশু, অন্যান্য কো-মরবিডিটি বা দীর্ঘস্থায়ী স্বাস্থ্যের অবস্থা এবং প্রান্তিক জনগোষ্ঠী। টিকাদান, ক্ষতিকারক রোগ থেকে শরীরকে রক্ষা করার একটি সহজ, নিরাপদ এবং কার্যকর উপায়। ৬ মাস বা তার বেশী বয়সী প্রত্যেকেই বর্তমানে ফ্লু ভ্যাকসিন পাওয়ার যোগ্য। আপনার শেষ কোভিড ভ্যাকসিন এর সময় যদি ছয় মাস হয়ে থাকে অথবা আপনার কোভিড সংক্রমণের পর ছয় মাস এর বেশী হয়ে থাকে তাহলে আপনি কোভিড ১৯ ভ্যাকসিনের জন্য যোগ্য। দুটি ভ্যাকসিনের মধ্যে অপেক্ষা করার দরকার নেই। যে কেউ, ৬ মাস বা তার বেশী বয়সী, আপনি যদি চান কোভিড ১৯ টিকা সহ অন্য যেকোনো ভ্যাকসিনের সাথে, আগে বা পরে অথবা একই সময়ে যেকোনো মৌসুমী ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন পেতে পারেন। কোভিড ১৯ ভ্যাকসিন গুরুতর সংক্রমণের বিরুদ্ধে বা দীর্ঘ কোভিড এর বিরুদ্ধে সুরক্ষা দেয় যখন লক্ষণগুলো কয়েক সপ্তাহ বা মাস ধরে থাকে। গর্ভবতী বা স্তন্যপান করানো মহিলাদের, বয়স্কদের এবং হার্ট বা ফুসফুসের সমস্যা, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, অটো ইমিউন রোগ বা দুর্বল ইমিউন সিস্টেমের মত স্বাস্থ্য গত অবস্থার জন্য টিকা নিরাপদ। যারা চিকিৎসা নিচ্ছেন বা যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলা উচিত যে কখন সর্বোত্তম রোগ প্রতিরোধ ক্ষমতার জন্য ভ্যাকসিন নিতে হবে। আপনি, আপনার নির্দিষ্ট প্রশ্নের উত্তর পেতে VaxFacts+ ডাক্তারের সাথে একটি কল বুক করতে পারেন, <https://www.shn.ca/vaxfacts/>

এই শরতে নিরাপদ থাকতে এবং অন্যদের সুরক্ষা করতে এমন কিছু দৈনন্দিন অভ্যাস আছে যা আমরা সবাই করতে পারি। খাবার আগে বা খাবার তৈরি করার আগে, নাক পরিষ্কার করার পরে, কাশি দেওয়ার পরে বা হাঁচি দেওয়ার পরে নিয়মিত হাত পরিষ্কার করে ধুয়ে নিতে হবে। আপনার চোখ স্পর্শ করা এড়িয়ে চলতে এবং কাশি বা হাঁচি দেওয়ার সময় মুখ ঢেকে রাখতে হবে। ইনডোর পাবলিক প্লেস বা লোকসমাগম হয় যেমন ট্রানজিট, গ্রোসারী স্টোর এমন জায়গায় মাস্ক পড়তে হবে। আপনি যদি অসুস্থ বোধ করেন, তাহলে অসুস্থতার বিস্তার কমাতে আপনার বাড়িতে থাকা উচিত। আপনার যদি শ্বাসতন্ত্রের কোন উপসর্গ থাকে তাহলে বাড়িতে বসে রেপিড এন্টিজেন টেস্ট (RAT) কিট ব্যবহার করতে পারেন। আপনার চিকিৎসা ব্যবস্থা এবং আপনার পরবর্তী ভ্যাকসিন নেওয়ার ব্যাপারে একজন চিকিৎসকের পরামর্শ নিতে পারেন। আপনি যদি নিশ্চিত না হোন যে আপনার কোন সেবা প্রয়োজন তাহলে ৮১১ কল করে নার্সের কাছ থেকে সেবা নিতে পারেন অথবা তাদের অনলাইন চ্যাট ব্যবহার করে সাহায্য নিতে পারেন। জরুরী বিভাগে দীর্ঘ ওয়েটিং টাইম কমানোর জন্য আপনি স্থানীয় স্কারবোরো মূল্যায়ন কেন্দ্র অথবা ওয়াক-ইন-ক্লিনিকে যেতে পারেন। আপনি এখানে ভ্যাকসিন ক্লিনিক এবং মূল্যায়ন কেন্দ্র গুলোর একটি ইন্টারেক্টিভ মানচিত্র খুঁজে পেতে পারেন, <https://en.soht.ca/resources/> আমরা যদি আমাদের দায়িত্ব পালন করি, তাহলে এই বছর ইনফ্লুয়েঞ্জা এবং কোভিড ১৯ সংক্রমণ প্রতিরোধ করতে পারব। আপনার যদি কোন প্রশ্ন থাকে তাহলে এই ঠিকানায় ইমেইল করতে পারেন [ambassador@schcontario.ca](mailto:ambassador@schcontario.ca)